

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
(সংস্থাপন শাখা)
(www.bogra.gov.bd)

নম্বর-০৫.৫০.১০০০.০০৭.৩০.০১৩.১৯- ২০৫৭

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি কর্মকর্তা কর্মচারীগণ সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ মেনে চলছেন না। ফলে সমাজে গুজব ও সাম্প্রদায়িক সংঘর্ষ ছড়িয়ে পড়ার আশংকা দেখা দিচ্ছে। এ পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

একাউন্ট ব্যবস্থাপনা :

- ক. ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে সরকারি কর্মচারীকেও দায়িত্বশীল নাগরিকসুলভ আচরণ ও অনুশাসন মেনে চলা অবশ্যই নিশ্চিত করতে হবে;
- খ. বাস্তব বা স্বাভাবিক অবস্থায় একজন সরকারি কর্মচারীর আচরণ, প্রকাশ, মিথাক্রিয়া সংক্রান্ত নিয়ম-নীতি, করণীয় ও বর্জনীয় দিকসমূহের প্রতিফলন সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহারের ক্ষেত্রে নিশ্চিত করতে হবে;
- গ. কন্টেন্ট ও "ফ্রেন্ড" সিলেকশনে সতর্কতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগিং বা রেফারেন্সিং পরিহার করতে হবে; এবং
- ঘ. সামাজিক যোগাযোগের মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্ট-এর জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত আইন বা বিধি-বিধানের সম্মুখীন হবেন।

পরিহারযোগ্য বিষয়াদি :

- ক. জাতীয় ঐক্য চেতনার পরিপন্থী কোনরকম কন্টেন্ট;
- খ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোন কন্টেন্ট;
- গ. রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা সংশ্লিষ্ট কোন কন্টেন্ট;
- ঘ. বাংলাদেশ বসবাসকারী কোন ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী, বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্থমূলক কন্টেন্ট;
- ঙ. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্থ করে এমন কন্টেন্ট;
- চ. লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোন কন্টেন্ট; এবং
- ছ. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয়।

০২. নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় পরিলক্ষিত হলে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



(ফয়েজ আহাম্মদ)
জেলা প্রশাসক
বগুড়া